

যুগান্তর

তারিখ

পৃষ্ঠা

হামলাকারীদের গ্রেফতারের দাবিতে গাজীপুরে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের ওপর মৌসুমী শ্রমিকদের হামলার সঙ্গে জড়িতদের গ্রেফতারের দাবিতে প্রতিষ্ঠানের শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কালো ব্যাজ ধারণ, ছাত্র ভর্তি করা, ক্লাস নেয়া, পরীক্ষা নেয়া, মাঠ গবেষণাসহ শিক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বন্ধ রেখেছেন। এর ফলে বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে।

জানা যায়, গাজীপুর সদর উপজেলার সালনা এলাকায় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে মৌসুমী শ্রমিকরা গত ২৮ মে দুপুরে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ওপর হামলা চালায়। এতে ২ জন শিক্ষকসহ ৩ জন কর্মচারী আহত হন। পুলিশ এ ব্যাপারে ৫ জনকে গ্রেফতার করলেও এজাহারে উল্লিখিত ১০ জনের কাউকে এখন পর্যন্ত গ্রেফতার করতে পারেনি।

শিক্ষকদের অনির্দিষ্টকালের কর্মবিরতির কারণে গতকাল মঙ্গলবার থেকে পূর্ব নির্ধারিত টার্ম ফাইনাল পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও তা অনুষ্ঠিত হয়নি। শনিবারের এমএস ও পিএইচডি ভর্তি প্রক্রিয়ায়ও শিক্ষকরা অংশ নেননি। এ ঘটনার প্রতিবাদে রোববার থেকে শিক্ষকরা কর্মবিরতি ও কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালন করছেন।